অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/26/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে ঐতিহাসিক শীতকালীন ঝড় আঘাত হানা অব্যাহত থাকায় ফেডারেল জরুরি অবস্থা ঘোষণার জন্য গভর্নর হোকল অনুরোধ জানিয়েছেন

এরি ও গিনিস কাউন্টির জন্য প্রেসিডেনশিয়াল জরুরি অবস্থা ঘোষণা ঝড়ের প্রতি চলমান সাড়াদান প্রচেষ্টার ক্ষেত্রে প্রতক্ষ ফেডারেল সহায়তা প্রদান করবে, যেসব প্রচেষ্টার মধ্যে বাফেলোতে অনুসন্ধান ও উদ্ধার প্রচেষ্টাও অন্তর্ভুক্ত রয়েছে

শীতকালীন ঝড়ের কারণে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে অচলাবস্থা তৈরি হওয়ার ফলে স্টেটজুড়ে জরুরি অবস্থা কার্যকর রয়েছে, যে ঝড়ের ফলে প্রাণহানী ঘটেছে, কয়েক শতাধিক গাড়ি চালক পথ হারিয়েছে এবং 100,000-এরও বেশি মানুষ এই ছুটির দিনের উইকএন্ডে চরম ঠাণ্ডা তাপমাত্রার সময়ে বিদ্যুৎ সংযোগ হারিয়েছে

ঝড়ের দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে নিউ ইয়র্কবাসীদেরকে অপ্রয়োজনীয় ভ্রমণ থেকে বিরত থাকা এবং ঝুঁকিপূর্ণ অবস্থার কারণে স্থানীয় ভ্রমণ সংক্রান্ত পরামর্শ মেনে চলার জন্য সনির্বন্ধ অনুরোধ জানানো হয়েছে

সমগ্র বাফেলো সিটি সহ এরি কাউন্টির বেশিরভাগ অংশে ভ্রমণের উপর নিষেধাজ্ঞা কার্যকর রয়েছে; ওয়েস্টার্ন নিউ ইয়র্কে একাধিক স্টেট হাইওয়ে বন্ধ রয়েছে; NYS থ্রুওয়ে (I-90) এর এক্সিট 45 (রচেস্টার) এবং পেনসিলভেনিয়া সীমান্ত পর্যন্ত মধ্যবর্তী অংশে এখনো সব ধরনের যান চলাচল বন্ধ আছে

বৃহস্পতিবার, 22 ডিসেম্বর তারিখে শুরু হওয়া এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রি অঞ্চলে আঘাত হানা চালিয়ে যাওয়া ঐতিহাসিক শীতকালীন ঝড়ের কারণে গভর্নর ক্যাথি হোকল আজ প্রেসিডেন্ট বাইডেনের কাছে একটি ফেডারেল জরুরি অবস্থা ঘোষণার অনুরোধ জানিয়েছেন, যে ঝড় তুষারঝড়ের মতো অবস্থা নিয়ে এসেছে এবং ছুটির দিনের উইকএন্ডজুড়ে ঘণ্টায় 60 মাইলের চেয়েও বেশি গতিবেগের ঝড়ো হাওয়া এবং হিমাঙ্কের চেয়ে অনেক কম তাপমাত্রা বিদ্যমান রয়েছে। ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলোতে স্থানীয় সরকারগুলোর সঙ্গে সমন্বয় ও সহায়তা করার জন্য স্টেটের বহুমুখী জরুরি সাড়া প্রদানকারী সংস্থাগুলোর সরঞ্জাম ও কর্মী মোতায়েন করার মধ্য দিয়ে এই সপ্তাহে স্টেটের ঝড়ের প্রতি সাড়াদান কার্যক্রম চলমান রয়েছে। গভর্নর হোকল ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে ন্যাশনাল গার্ডের আরো 220 জন সৈনিক মোতায়েন করেছেন, যার ফলে মোট মোতায়েনকৃত সৈনিকের সংখ্যা প্রায় 430-এ পৌঁছেছে। সপ্তাহজুড়ে

সাড়াদান কার্যক্রম চলমান থাকার সম্ভাবনা থাকায়, গভর্নর হোকল এবং স্থানীয় কর্মকর্তারা এরি কাউন্টির ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে এবং সেইসাথে ওয়াটারটাউনের কাছাকাছি একই ধরনের অবস্থার সম্মুখীন হওয়া নর্থ কান্ট্রির এলাকাগুলোতে ভ্রমণ করা থেকে বিরত থাকার জন্য নিউ ইয়র্কবাসীদের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানানো অব্যাহত রেখেছেন। অনুমোদন পেলে, এই ফেডারেল জরুরি অবস্থার ঘোষণা চলমান সাড়াদান ও উদ্ধার কার্যক্রমে সহায়তা করার জন্য তাৎক্ষণিক ফেডারেল সহায়তা প্রদান করবে।

"আমি স্টেট ও স্থানীয় জন নিরাপত্তা সংস্থাগুলোর এমন প্রত্যেক ব্যক্তিকে ধন্যবাদ জানাতে চাই যারা পদক্ষেপ গ্রহণ করতে এগিয়ে এসেছেন এবং এই ছুটির দিনের উইকএন্ড ব্যাপী কাজ করেছেন," **বলেছেন গভর্নর হোকল।** "আমি প্রেসিডেন্ট বাইডেনের সঙ্গে কথা বলেছি, যিনি আমাদের ফেডারেল জরুরি অবস্থার ঘোষণা দ্রুত অনুমোদন করতে সম্মত হয়েছেন, যেটি ঐতিহাসিক ঝড় থেকে আমাদের পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করতে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, এবং এই সহায়তা অর্জন করতে সাহায্য করার জন্য আমি আমাদের কংগ্রেশনাল ডেলিগেশনকে ধন্যবাদ জানাই। ওয়েস্টার্ন নিউ ইয়র্কের পুনরুদ্ধার কার্যক্রমে সাহায্য করার জন্য আমাদের সবরকম প্রচেষ্টা চালিয়ে যাওয়া এবং ফেডারেল সহায়তার জন্য অপেক্ষা করার এই সময়ে, আমি চাই ক্ষতিগ্রস্ত এলাকাগুলোর সব মানুষ রাস্তায় নামা থেকে বিরত থাকবেন এবং প্রিয়জন ও প্রতিবেশীদের খোঁজ-খবর নেবেন।"

ফেডারেল জরুরি অবস্থার ঘোষণা

এরি ও গিনিস কাউন্টির জন্য ফেডারেল জরুরি অবস্থা ঘোষণা করার জন্য গভর্নর প্রেসিডেন্ট বাইডেনের কাছে একটি অনুরোধ জমা দিয়েছেন। অনুমোদন পেলে, এই জরুরি অবস্থার ঘোষণা ক্ষতিগ্রস্ত কাউন্টিগুলোতে চলমান সাড়াদান ও পুনরুদ্ধার কার্যক্রমে সহায়তা করার জন্য তাৎক্ষণিক ফেডারেল সহায়তা প্রদান করবে।

বৃহস্পতিবার সন্ধ্যায় এই বিরূপ আবহাওয়া শুরু হওয়ার আগে, গভর্নর হোকল পুরো স্টেটের জন্য জরুরি অবস্থা ঘোষণা করেছিলেন, যেটি এখনো বহাল রয়েছে। সেইসাথে, ঝড় আঘাত হানার সপ্তাহটিতে নিউ ইয়র্কের জরুরি অবস্থা নিয়ন্ত্রণকারী সংস্থাগুলো জাতীয় আবহাওয়া পরিষেবা (National Weather Service) এবং স্থানীয় সরকারগুলোর সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করেছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) (অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) এবং অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অধিদপ্তর (Office of Fire Prevention and Control) সহ), পরিবহন বিভাগ (Department of Transportation), থ্রুওয়ে অথরিটি (Thruway Authority), স্টেট পুলিশ (State Police), স্টেট পার্কস এবং DEC সকলেই ঝড়ের আগে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস ও নর্থ কান্ট্রি অঞ্চলে সংস্থানসমূহ অগ্রিম ভিত্তিতে মোতায়েন করেছিল, এবং ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে বাড়তি সংস্থানসমূহ বৃদ্ধি করা হয়েছিল।

সোমবার বিকেল পর্যন্ত ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলের বেশ কিছু স্টেট হাইওয়ে দিয়ে সবরকম ট্রাফিক চলাচল বন্ধ রয়েছে। রচেস্টারে এক্সিট 46 থেকে পেনসিলভেনিয়া লাইন পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়েতে (I-90) সবরকম ট্রাফিক চলাচল বন্ধ রয়েছে।

এই সপ্তাহে লেক অন্টারিও এবং লেক এরি সংলগ্ন এলাকাগুলোতে ভারী তুষারপাত অব্যাহত থাকবে বলে আশংকা করা হচ্ছে। মঙ্গলবার পর্যন্ত লেক অন্টারিওর পূর্ব অংশে এক থেকে দুই ফুট পর্যন্ত বরফ জমা হতে পারে বলে আশংকা করা হচ্ছে, যেখানে সোমবারে ঘণ্টায় তিন ইঞ্চি হারে তুষারপাত হতে পারে। এই সপ্তাহের শেষে এবং সপ্তাহান্তব্যাপী তাপমাত্রা বৃদ্ধি পাওয়ার আগে, আগামী কিছু দিন ধরে বাফেলো এলাকায় আরো এক ফুট পর্যন্ত বরফ জমা হতে পারে বলে আশংকা করা হচ্ছে। পরিবহন বিভাগ তুষার ও বরফ সরানোর কাজে সহায়তা করার জন্য ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, এবং নর্থ কান্ট্রি অঞ্চলে বাড়তি 100 জন কর্মী যোগ করেছে।

নর্থ কান্ট্রি অঞ্চলের কয়েকটি কাউন্টির জন্য বর্তমানে লেক ইফেক্ট তুষারপাত সংক্রান্ত সতর্কীকরণ এবং শীতকালীন ঝড় সংক্রান্ত সতর্কীকরণ কার্যকর রয়েছে। আপনার এলাকার জন্য আবহাওয়া সংক্রান্ত পর্যবেক্ষণ ও সতর্কবার্তার পূর্ণাঙ্গ তালিকা পেতে, আপনার এলাকার জাতীয় আবহাওয়া পরিষেবার ওয়েবসাইট দেখুন।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিউ ইয়র্কবাসীদেরকে এই বিধ্বংসী শীতকালীন ঝড়ের ক্ষতি কাটিয়ে উঠতে সাহায্য করার জন্য আমরা স্টেট পর্যায়ের এবং স্থানীয় অংশীদারদের সঙ্গে কাজ করে আসছি এবং তা অব্যাহত রেখেছি। আমাদের সক্রিয়ভাবে অনুসন্ধান ও উদ্ধারের মিশনগুলো পরিচালনা করার এই সময়ে, আমি এখন পর্যন্ত সাড়াদান কার্যক্রমের সাথে সম্পৃক্ত সবাইকে তাদের অব্যাহত প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাতে চাই। অনুগ্রহ করে এখনো বহাল থাকা স্থানীয় ভ্রমণ সংক্রান্ত পরামর্শ মেনে চলুন এবং জেনে রাখুন যে গভর্নর হোকল এবং আমি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের কমিউনিটিগুলোকে নিরাপদ রাখার জন্য আমাদের অপরিহার্য সহায়তা পাওয়ার বিষয়টি নিশ্চিত করতে সরকারের সর্বস্তরে আমাদের অংশীদারদের সঙ্গে কাজ করে যাচ্ছি।"

ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোর জন্য নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

শীতকালীন ভ্রমণ সংক্রান্ত নিরাপত্তা

শীতকালীন ঝড়ের সময়ে সর্বাধিক নিহত ও আহত হওয়ার কারণ হলো পরিবহন দুর্ঘটনা:

- শীতকালীন ঝড়ের সময়ে প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি।

- সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন।
- অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে।
- আপনার গাড়িতে টিকে থাকার সরঞ্জাম যেমন কম্বল, একটি বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারি বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন।

চরম তাপমাত্রা

- শৈত্যপ্রবাহ থেকে সাবধান থাকুন - তাপমাত্রা কমে যাওয়ার সাথে সাথে বায়ুপ্রবাহের ফলে মানব দেহের তাপ হারানো বৃদ্ধি পায়।
- উপযুক্ত পোশাক পরুন এবং দীর্ঘ সময় ধরে ঠাণ্ডায় অবস্থান করা থেকে বিরত থাকুন।
- কয়েক স্তরের পোশাক পরার পাশাপাশি উপযুক্ত ক্ষেত্রে টুপি ও মোজা পরিধান করুন। দেহের কোনো অংশ অপ্রয়োজনে ঠাণ্ডার সংস্পর্শে আনা থেকে বিরত থাকুন।
- পর্যাপ্ত পরিমাণে গরম তরল বা গরম পানি পান করুন কিন্তু ক্যাফেইন ও অ্যালকোহল এড়িয়ে চলুন। দেহের তাপমাত্রা ধরে রাখার জন্য সক্রিয় থাকুন।
- ঠাণ্ডা থেকে ঘন ঘন বিরতি নিন।
- যদি হাইপোথার্মিয়া বা ফ্রস্টবাইটের লক্ষণ দেখা দেয়, ঠাণ্ডা থেকে সরিয়ে আনুন, আক্রান্ত ব্যক্তিকে ধীরে ধীরে উষ্ণ করুন এবং মেডিকেল সহায়তা নিন:
- ফ্রস্টবাইট: লক্ষণসমূহের মধ্যে রয়েছে অনুভূতি হারিয়ে ফেলা, হাতের আঙুল, পায়ের আঙুল, কান, ও নাক সাদা বা ফ্যাকাসে দেখানো।
- হাইপোথার্মিয়া: লক্ষণসমূহের মধ্যে রয়েছে অনিয়ন্ত্রিত কাঁপুনি, কথা ধীর হয়ে যাওয়া, স্মৃতিশক্তিতে বিভ্রাট, ঘন ঘন হুমড়ি খাওয়া, এবং ঝিমুনি।

ভারী কাজকর্ম

- উষ্ণ থাকুন, গরম পোশাক পরুন এবং ঘরের বাইরে কাজ করার সময় ধীর গতিতে কাজ করুন।
- অতিরিক্ত পরিশ্রম এড়াতে ঘন ঘন বিশ্রাম নিন

- যদি আপনি বুকে ব্যথা, শ্বাসকষ্ট, বা আপনার চোয়াল থেকে আপনার বাহুর দিকে চলে যাওয়া ব্যথা, ইত্যাদি অনুভব করেন -- তাহলে থামুন এবং তাৎক্ষণিকভাবে সাহায্য চান।

বিদ্যুৎ বিভ্রাট

- বিভ্রাট দেখা দিলে সে সম্পর্কে তাদেরকে অবহিত করার জন্য আপনার ইউটিলিটি সরবরাহকারীদের কাছে ফোন করুন।
- ছিড়ে পড়ে যাওয়া বিদ্যুতের তার এড়িয়ে চলুন এবং আপনার ইউটিলিটি সরবরাহকারীর কাছে সেগুলো মেরামতের জন্য রিপোর্ট করুন; ছিড়ে যাওয়া সব তারে সচল বিদ্যুৎ রয়েছে বলে ধরে নিন।
- জরুরী আলোর জন্য শুধুমাত্র ফ্ল্যাশলাইট ব্যবহার করুন - মোমবাতিগুলি আগুন লাগার ঝুঁকি তৈরি করে।
- খাবার নষ্ট হয়ে যাওয়া রোধ করতে আপনার রেফ্রিজারেটর ও ফ্রিজারের দরজা বন্ধ রাখুন। কোনো সন্দেহ থাকলে, এটি ফেলে দিন!
- বাড়ির ভিতরে কাঠকয়লার গ্রিল বা জেনারেটর ব্যবহার করবেন না এবং তাপের জন্য গ্যাসের চুলা ব্যবহার করবেন না - সেগুলি কার্বন মনোক্সাইডের ক্ষতিকারক মাত্রা ছাড়তে পারে।
- বিদ্যুৎ ফিরে আসলে বিদ্যুতের সম্ভাব্য চাপের কারণে ক্ষয়ক্ষতি হওয়া রোধ করতে বড় ধরনের অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ করে রাখুন এবং একটি লাইট অন করে রাখুন যাতে কখন বিদ্যুৎ ফিরে আসে তা আপনি জানতে পারেন।

বাড়ির হিটিং

হিটিং ইক্যুইপমেন্টগুলো বাড়িতে আগুন লেগে মৃত্যু ঘটার অন্যতম শীর্ষ কারণ। এসব গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলো মেনে চলার মাধ্যমে প্রিয়জনদের নিরাপদ রাখুন:

- সব দাহ্য পদার্থ হিটিং ইক্যুইপমেন্ট থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন।
- সবসময় স্পেস হিটার সহ অন্যান্য অ্যাপ্লায়েন্স সরাসরি একটি রিসেপ্ট্যাকলে প্লাগ-ইন করবেন। কখনো অ্যাপ্লায়েন্সগুলো পাওয়ার স্ট্রিপ বা এক্সটেনশন কর্ডে প্লাগ-ইন করবেন না।
- প্রতিটি বেডরুমে, বাইরে ঘুমানোর জায়গাগুলোতে এবং আপনার বাড়ির প্রত্যেক তলায় সচল স্মোক অ্যালার্ম রয়েছে তা নিশ্চিত করুন।

ঝড়ের আগে, ঝড় চলাকালীন সময়ে অথবা ঝড়ের পরে অ-জরুরি পরিষেবার প্রয়োজনগুলো পূরণ করতে 211-এ ফোন করুন অথবা ভিজিট করুন 211nys.orgঠিকানায়।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড

সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ ওয়েবপেইজ www.dhses.ny.gov/safety দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418